রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৪, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন-১ শাখা**

**সংশোধিত প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩/ ২১ মে ২০২৬

নং **৪৪.০০.০০০০.০৫৫.০৫.০০২.১৬.২০০**—মন্ত্রিপরিষদ বিভাগের ০৩ মার্চ ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৫১২.১৮.০০১৬.২২.৬০ নং স্মারকে প্রদত্ত সম্মতির পরিপ্রেক্ষিতে জানুয়ারি ২০০৯ হতে ০৫ আগস্ট ২০২৪ পর্যন্ত সময়কালে রাজনৈতিক কারণে দায়েরকৃত হয়রানিমূলক মামলাসমূহ প্রত্যাহারে সুপারিশ করার লক্ষ্যে জেলা পর্যায়ে নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

(ক) (১) জেলা পর্যায়ের কমিটি:

(i) জেলা ম্যাজিস্ট্রেট - সভাপতি

(ii) পুলিশ সুপার (মহানগর এলাকার জন্য পুলিশের একজন ডেপুটি কমিশনার) - সদস্য

(iii) পাবলিক প্রসিকিউটর (মহানগর এলাকার মামলাসমূহের জন্য মহানগর পাবলিক প্রসিকিউটর) - সদস্য

(iv) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট - সদস্য-সচিব

(২) জেলা পর্যায়ের কমিটির কার্যপরিধি ও কর্মপদ্ধতি:

(i) রাজনৈতিক হয়রানিমূলক মামলা প্রত্যাহারের জন্য আসামী/আসামীর পিতা/মাতা/স্ত্রী/স্বামী/ভাই/বোন/ছেলে/মেয়ে-কে (সকল আসামীর পক্ষে যেকোনো একজন আবেদন করতে পারবেন) সংশ্লিষ্ট জেলার জেলা ম্যাজিস্ট্রেট-এর নিকট আবেদনপত্র দাখিল করতে হবে।


মূল্য : টাকা ৪·০০

(ii) আবেদনের সাথে মামলা সংক্রান্ত যাবতীয় দলিলাদি সংশ্লিষ্ট আইনজীবী কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(iii) আবেদন প্রাপ্তির ৭ কর্মদিবসের মধ্যে জেলা ম্যাজিস্ট্রেট দরখাস্তটি জেলার পাবলিক প্রসিকিউটর (ক্ষেত্র বিশেষে মেট্রোপলিটন পাবলিক প্রসিকিউটর) এর নিকট মতামতের জন্য প্রেরণ করবেন।

(iv) আবেদন প্রাপ্তির ১৫ কর্মদিবসের মধ্যে পাবলিক প্রসিকিউটর (ক্ষেত্র বিশেষে মেট্রোপলিটন পাবলিক প্রসিকিউটর) তাঁর মতামত জেলা ম্যাজিস্ট্রেট বরাবর প্রেরণ করবেন।

(v) পাবলিক প্রসিকিউটর এর মতামত সংগ্রহপূর্বক জেলা ম্যাজিস্ট্রেট আবেদনটি ৭ কার্যদিবসের মধ্যে জেলা কমিটির সভায় উপস্থাপন করবেন।

(vi) জেলা কমিটির নিকট যদি প্রতীয়মান হয় যে, মামলাটি রাজনৈতিক বা অন্যকোনো উদ্দেশ্যে হয়রানির জন্য দায়ের করা হয়েছে, তাহলে মামলাটি প্রত্যাহারের জন্য কমিটি সরকারের নিকট সুপারিশ করবে।

(vii) জেলা ম্যাজিস্ট্রেট উক্ত সুপারিশ আবেদন প্রাপ্তির ৪৫ কার্যদিবসের মধ্যে সংযুক্ত ছক অনুযায়ী তথ্যাদি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে (ছক সংযুক্ত)।

(খ) এই প্রজ্ঞাপন জারির পরিপ্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের ২২-০৯-২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৫৫.০৫.০০২.১৬.২৪৩ নং পরিপত্র বাতিল বলে গণ্য হবে।

(গ) ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

**রাজনৈতিক হয়রানিমূলক হিসেবে বিবেচিত মামলা সংক্রান্ত তথ্য:**

| ক্রমিক | আসামী/ আসামীর পিতা/মাতা/ স্ত্রী/স্বামী/ভাই/বোন/ছেলে/মেয়ে-কে (সকল আসামীর পক্ষে যেকোনো একজন আবেদন করতে পারবেন। | জেলা/ মেট্রো এলাকার নাম | থানার মামলা নম্বর, তারিখ ও ধারা | মামলার সংক্ষিপ্ত বিবরণ | এজাহার নামীয় চার্জশীটভুক্ত আসামীর সংখ্যা | মামলার বর্তমান অবস্থা ও বিচারাধীন আদালত এর নাম | প্রত্যাহারের জন্য সুপারিশকৃত মামলা/ অভিযুক্ত ব্যক্তির নাম | রাজনৈতিক হয়রানিমূলক বিবেচনার যৌক্তিকতা | প্রত্যাহার বিষয়ে সরকারি আইনজীবীর মতামত | জেলা কমিটির সুপারিশ | দুদকের মামলা কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| | | | | | | | | | | | | |

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd